গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
( এস.এ. শাখা)
www.brahamanbaria.gov.bd

নম্বর- ৩১.৪২.১২০০.০০০.০১২.১১.০০০৮.২৬ ১১৪৫ তারিখ: ০২ আশ্বিন ১৪৩৩ / ১৭ সেপ্টেম্বর ২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়, (মাঠ প্রশাসন-১), ঢাকা এর ২২ জুলাই ২০২৬ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.২১৭.১২.৪৭৬ নং স্মারকের ছাড়পত্র এবং কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম বিভাগ (বিভাগীয় নির্বাচনী বোর্ড) এর ১৬ আগস্ট ২০২৬ তারিখের ০৫.৪২.২০০০.০০৩.০৩.০০০৮.১৯.৩০৪ নং স্মারক মোতাবেক ব্রাহ্মণবাড়িয়া জেলার রাজস্ব প্রশাসনের অধীনস্থ কার্যালয়সমূহে জাতীয় বেতন স্কেলে ২০১৫-এর ১৬তম গ্রেডভূক্ত নিম্নবর্ণিত শূন্য পদের বিপরীতে অস্থায়ী ভিত্তিতে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত শর্তে অনলাইনে (http://dcbb.teletalk.com.bd ওয়েবসাইটে) ব্রাহ্মণবাড়িয়া জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।

| ক্র: নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৪ (চার) | গ্রেড ১৬ (৯৩০০-২২৪৯০/-) | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডশিট, প্রেজেন্টেশন, বেসিক কম্পিউটার ট্রাবলসুটিংসহ কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং টাইপিং-এ প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দ গতি সম্পন্ন হতে হবে। |
| ০২ | নাজির কাম-ক্যাশিয়ার | ০১ (এক) | গ্রেড ১৬ (৯৩০০-২২৪৯০/-) | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডশিট, প্রেজেন্টেশন, বেসিক কম্পিউটার ট্রাবলসুটিংসহ কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং টাইপিং-এ প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দ গতি সম্পন্ন হতে হবে। |
| ০৩ | সার্টিফিকেট পেশকার | ০১ (এক) | গ্রেড ১৬ (৯৩০০-২২৪৯০/-) | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডশিট, প্রেজেন্টেশন, বেসিক কম্পিউটার ট্রাবলসুটিংসহ কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং টাইপিং-এ প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দ গতি সম্পন্ন হতে হবে। |
| ০৪ | সার্টিফিকেট সহকারী | ০১ (এক) | গ্রেড ১৬ (৯৩০০-২২৪৯০/-) | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডশিট, প্রেজেন্টেশন, বেসিক কম্পিউটার ট্রাবলসুটিংসহ কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং টাইপিং-এ প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দ গতি সম্পন্ন হতে হবে। |
| ০৫ | ক্রেডিট চেকিং কাম সায়রাত সহকারী | ০১ (এক) | গ্রেড ১৬ (৯৩০০-২২৪৯০/-) | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডশিট, প্রেজেন্টেশন, বেসিক কম্পিউটার ট্রাবলসুটিংসহ কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং টাইপিং-এ প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দ গতি সম্পন্ন হতে হবে। |
| ০৬ | মিউটেশন কাম-সার্টিফিকেট সহকারী | ০১ (এক) | গ্রেড ১৬ (৯৩০০-২২৪৯০/-) | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডশিট, প্রেজেন্টেশন, বেসিক কম্পিউটার ট্রাবলসুটিংসহ কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং টাইপিং-এ প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দ গতি সম্পন্ন হতে হবে। |
| | মোট= | ০৯ জন | | |

শর্তাবলি

০১। সকল প্রার্থীর বয়সসীমা ৩১/০৮/২০২৬ তারিখে ন্যূনতম ১৮ বছর এবং সর্বোচ্চ ৩২ বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০২। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদসমূহ পূরণে ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা ২০২১ অনুসরণ করা হবে। নিয়োগের জন্য চূড়ান্ত প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগ বিধিমালা মতে লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষা ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হবেন।

০৩। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও ব্রাহ্মণবাড়িয়া জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক না এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতি বদ্ধ হন কিংবা ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য হিসেবে বিবেচিত হবেন না।

০৪। একজন প্রার্থী একটির বেশি পদে আবেদন করতে পারবেন না। একাধিক পদের বিপরীতে আবেদন করলে আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।

০৫। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে। অন্যথায় চাকুরির জন্য নির্বাচিত হলে আবেদনে উল্লিখিত সনদ ব্যতীত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদ অন্তর্ভুক্ত করার সুযোগ থাকবে না।

০৬। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

০৭। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। চাকুরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে (√) চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত অনাপত্তিপত্র দাখিল করতে হবে।

০৮। আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য সঠিকভাবে প্রদান করতে হবে।

০৯। চাকুরির জন্য আবেদন অনলাইনে (http://dcbb.teletalk.com.bd ওয়েবসাইটে) আগামী ২২ সেপ্টেম্বর ২০২৬ তারিখ সকাল ১০:০০ টা হতে ১৫ অক্টোবর ২০২৬ তারিখ বিকাল ০৫:০০ টা পর্যন্ত দাখিল করা যাবে। সরাসরি/ডাকযোগে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল দরখাস্ত বাতিল মর্মে গণ্য হবে। ১০। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে নিম্নোক্ত সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১ টি করে সত্যায়িত ফটোকপি

দাখিল করতে হবে।

(ক) পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি।

(খ) পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ।

(গ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল মূল/সাময়িক সনদ।

(ঘ) জাতীয় পরিচয়পত্র এবং পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্ম নিবন্ধন সনদ।

(ঙ) প্রার্থীর ডাউনলোডকৃত Applicant's Copy ও প্রবেশপত্র (রঙিন)।

(চ) অতিরিক্ত যোগ্যতা, কম্পিউটার ব্যবহারে দক্ষতা ও অভিজ্ঞতার প্রমাণস্বরূপ সকল সনদ।

(ছ) বীর মুক্তিযোদ্ধা, শহীদ বীর মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হিসেবে মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তানের পিতা/মাতার মূল সনদপত্র অথবা সাময়িক সনদ এবং প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন প্রদর্শন করতে হবে।

(জ) শারীরিক প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গ ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মূল সনদ।

(ঝ) চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে আবেদনের অনুমতিপত্র ও মৌখিক পরীক্ষার অনাপত্তিপত্র প্রদর্শন করতে হবে।

১১। নিয়োগ সংক্রান্ত যে কোন তথ্য জেলার ওয়েবসাইট (www.brahmanbaria.gov.bd) এবং জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া ও ব্রাহ্মণবাড়িয়া জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং উপজেলা ভূমি অফিসের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

১২। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক আবেদনকারী http://dcbb.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। অনলাইনে আবেদনপত্র গ্রহণ শুরু হবে ২২ সেপ্টেম্বর ২০২৬ তারিখ সকাল ১০.০০ টা হতে এবং শেষ হবে ১৫ অক্টোবর ২০২৬ তারিখ বিকাল ০৫:০০ টায়। উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদন পত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online-এ আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তীতে সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদনপত্র প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর করে আবেদনপত্র Upload ও Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা এবং এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত হয়ে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ প্রতি পদের জন্য ১০০/- (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- (বারো) টাকাসহ ১১২/- (একশত বারো) টাকা তবে অনগ্রসর নাগরিক (শারীরিক প্রতিবন্ধী,তৃতীয় লিঙ্গ ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) প্রার্থীদের ক্ষেত্রে সকল পদে আবেদনের ক্ষেত্রে ৫০/- টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬/-(ছয়) টাকাসহ ৫৬/-(ছাপ্পান্ন) টাকা (অফেরতযোগ্য) Application Submit করার অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online এ আবেদনপত্রের সংলগ্ন অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম SMS**: DCBB<space>User ID লিখে send করতে হবে 16222 নম্বরে

Example :**DCBB ABCDEFG** & send to 16222

**দ্বিতীয় SMS:** DCBB<space>YES<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে

Example :**DCBB YES 12345678**& send to 16222

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dcbb.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথা সময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পদ্ধতি অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি সম্বলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র Teletalk Pre-paid mobile নম্বর থেকে প্রার্থী নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

- User ID জানা থাকলে DCBB<space>Help<space>User<space>User ID & send to 16222
  Example :**DCBB Help User ABCDEF** & send to 16222
- PIN Number জানা থাকলে DCBB<space>Help<space>PIN<space>PIN No & send to 16222
  Example :**DCBB Help PIN ১২৩৪৫৬৭**& send to 16222

(ঝ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এ ক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(ঞ) Online এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক নম্বর থেকে কল করুন ১২১-এ অথবা ই-মেইল করুন dcbrahmanbaria@mopa.gov.bd অথবা alljobs.query@teletalk.com.bd [Mail এর Subject-এ Organization Name: DCBB, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

(ট) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া এর www.brahmanbaria.gov.bd ওয়েবসাইটে এবং http://dcbb.teletalk.com.bd এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল http://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.brahmanbaria.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঠ) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদন পত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৩। নিয়োগের জন্য নির্বাচিত প্রার্থীর স্বাস্থ্যগত প্রত্যয়ন, ডোপটেস্ট এবং পুলিশ/নিরাপত্তা এজেন্সি কর্তৃক ভেরিফিকেশনে কোন বিরূপ মন্তব্য/আপত্তি উত্থাপিত হলে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

১৪। এই নিয়োগের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের (বিধি-১ শাখা) ১৭/০৪/২০২৩ তারিখের জারিকৃত "মন্ত্রণালয়/বিভাগ ও এর অধীন সরকারি দপ্তর/ পরিদপ্তর/ অধিদপ্তর, স্বায়ত্তশাসিত সংস্থা, সংবিধিবদ্ধ সংস্থা এবং বিভিন্ন করপোরেশনর চাকুরিতে ১৩-২০ তম গ্রেডের পদে কর্মচারী নিয়োগে অপেক্ষমান তালিকা সংরক্ষণ" সংক্রান্ত পরিপত্র কার্যকর হবে।

১৫। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে নিয়োগের কোটা সম্পর্কিত সর্বশেষ সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

১৬। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১৭। নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৮। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৯। নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো সময় এ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন, নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।

২০। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

বি. দ্র. শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে সময় নিয়ে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া হচ্ছে।

২৭/০৯/২৬

মোঃ আবুসাঈদ
জেলা প্রশাসক
ব্রাহ্মণবাড়িয়া
ফোনঃ০২-৩৩৪৪২৭৭১২
dcbrahmanbaria@mopa.gov.bd

নম্বর- ৩১.৪২.১২০০.০০০.০১২.১১.০০০৮.২৬ ১১৪৫(২০০)

তারিখ: ০২ আশ্বিন ১৪৩৩ / ১৭ সেপ্টেম্বর ২০২৬

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা
৬. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম

অনুলিপি: জ্ঞাতার্থে / কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক,.......................(সকল)
২. পুলিশ সুপার ব্রাহ্মণবাড়িয়া
৩. সিভিল সার্জন, ব্রাহ্মণবাড়িয়া
৪. উপপরিচালক, স্থানীয় সরকার, ব্রাহ্মণবাড়িয়া
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/(সার্বিক)/(উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া
৬. উপজেলা নির্বাহী অফিসার................(সকল), ব্রাহ্মণবাড়িয়া
৭. সহকারী কমিশনার (ভূমি), ...............(সকল), ব্রাহ্মণবাড়িয়া
৮. ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১ তলা), হোল্ডিং: ৩/এ, ৫/এ, ৭/এ, রোড: ১৭, গুলশান-১, ঢাকা ১২১২
৯. জেলা তথ্য অফিসার, ব্রাহ্মণবাড়িয়া। [বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো]
১০. প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া [ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো]
১১. জেলা একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, ব্রাহ্মণবাড়িয়া
১২. সম্পাদক, '...............................................'। উক্ত বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় আগামী .......... ২০২৬ তারিখ এক দিনের জন্য স্বল্প পরিসরে (২০ ইঞ্চি x ৩ ইঞ্চি) ভিতরের পাতায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং ০৫ (পাঁচ) কপি পত্রিকা বিলসহ এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো

১৭/০৯/২৬

জেলা প্রশাসক
ব্রাহ্মণবাড়িয়া

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
( এস.এ.শাখা)
www.brahamanbaria.gov.bd

নম্বর- ৩১.৪২.১২০০.০০০.০১২.১১.০০০৯.২৬-১১৪৬ তারিখ: ০২ আশ্বিন ১৪৩৩ / ১৭ সেপ্টেম্বর ২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়, (মাঠ প্রশাসন-১), ঢাকা এর ২২ জুলাই ২০২৬ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.২১৭.১২.৪৭৬ নং স্মারকের ছাড়পত্র মোতাবেক ব্রাহ্মণবাড়িয়া জেলার রাজস্ব প্রশাসনের অধীনস্থ কার্যালয়সমূহে জাতীয় বেতন স্কেলে ২০১৫-এর ২০তম গ্রেডভূক্ত নিম্নবর্ণিত শূন্য পদের বিপরীতে অস্থায়ী ভিত্তিতে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত শর্তে অনলাইনে (http://dcbb.teletalk.com.bd ওয়েবসাইটে) ব্রাহ্মণবাড়িয়া জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রম | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | অফিস সহায়ক | ১১ (এগারো) | গ্রেড-২০<br>(জাতীয় বেতন স্কেল: (৮,২৫০-২০,০১০/-) | কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে অন্যূন ২য় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |

### শর্তাবলিঃ

০১। সকল প্রার্থীর বয়সসীমা ৩১/০৮/২০২৬ তারিখে ন্যূনতম ১৮ বছর এবং সর্বোচ্চ ৩২ বছর হতে হবে । বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০২। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদসমূহ পূরণে ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা ২০২১ অনুসরণ করা হবে। নিয়োগের জন্য চূড়ান্ত প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগ বিধিমালা মতে লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষা ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হবেন।

০৩। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও ব্রাহ্মণবাড়িয়া জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক না এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতি বদ্ধ হন কিংবা ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য হিসেবে বিবেচিত হবেন না।

০৪। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে। অন্যথায় চাকুরির জন্য নির্বাচিত হলে আবেদনে উল্লিখিত সনদ ব্যতীত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদ অন্তর্ভূক্ত করার সুযোগ থাকবে না ।

০৫। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

০৬। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। চাকুরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে (√) চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র ও মৌখিক পরীক্ষার অনাপত্তিপত্র দাখিল/ প্রদর্শন করতে হবে।

০৭। আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য সঠিকভাবে প্রদান করতে হবে ।

০৮। চাকুরির জন্য আবেদন অনলাইনে (http://dcbb.teletalk.com.bd ওয়েবসাইটে) আগামী ২২ সেপ্টেম্বর ২০২৬ তারিখ সকাল ১০:০০ টা হতে ১৫ অক্টোবর ২০২৬ তারিখ বিকাল ০৫.০০ টা পর্যন্ত দাখিল করা যাবে। সরাসরি/ডাকযোগে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। **সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল দরখাস্ত বাতিল মর্মে গণ্য হবে।**

০৯। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে নিম্নোক্ত সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১ টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(ক) পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি।
(খ) পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ।
(গ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল মূল/সাময়িক সনদ।
(ঘ) জাতীয় পরিচয়পত্র এবং পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্ম নিবন্ধন সনদ।
(ঙ) প্রার্থীর ডাউনলোডকৃত Applicant's Copy ও প্রবেশপত্র (রঙিন)।
(চ) অতিরিক্ত যোগ্যতা, কম্পিউটার ব্যবহারে দক্ষতা ও অভিজ্ঞতার প্রমাণস্বরূপ সকল সনদ।
(ছ) বীর মুক্তিযোদ্ধা, শহীদ বীর মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হিসেবে মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তানের পিতা/মাতার মূল সনদ অথবা সাময়িক সনদ এবং প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন প্রদর্শন করতে হবে।
(জ) শারীরিক প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গ ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মূল সনদ।
(ঝ) চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে আবেদনের অনুমতিপত্র ও মৌখিক পরীক্ষার অনাপত্তিপত্র প্রদর্শন করতে হবে।

১০। নিয়োগ সংক্রান্ত যে কোন তথ্য জেলার ওয়েবসাইট (www.brahmanbaria.gov.bd) এবং জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া ও ব্রাহ্মণবাড়িয়া জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং উপজেলা ভূমি অফিসের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

১১। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলি:

(ক) পরীক্ষায় অংশ গ্রহণে ইচ্ছুক আবেদনকারী http://dcbb.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। অনলাইনে আবেদনপত্র গ্রহণ শুরু হবে ২২ সেপ্টেম্বর ২০২৬ তারিখ সকাল ১০.০০ টা হতে এবং শেষ হবে ১৫ অক্টোবর ২০২৬ তারিখ বিকাল ০৫.০০ টায়। উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদন পত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online-এ আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তীতে সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদনপত্র প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর করে আবেদনপত্র Upload ও Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা এবং এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত হয়ে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ প্রতি পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ০৬/- (ছয়) টাকাসহ ৫৬/- (ছাপ্পান্ন) টাকা (অফেরতযোগ্য) Application Submit করার অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online এ আবেদনপত্রের সংলগ্ন অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম SMS**: DCBB<space>User ID লিখে send করতে হবে 16222 নম্বরে

Example :**DCBB ABCDEFG** & send to 16222

**দ্বিতীয় SMS:** DCBB<space>YES<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে

Example :**DCBB YES 12345678**& send to 16222

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dcbb.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথা সময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে, বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পদ্ধতি অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি সম্বলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র Teletalk Pre-paid mobile নম্বর থেকে প্রার্থী নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

- User ID জানা থাকলে DCBB<space>Help<space>User<space>User ID & send to ১৬২২২
  Example :**DCBB Help User ABCDEF** & send to 16222
- PIN Number জানা থাকলে DCBB<space>Help<space>PIN<space>PIN No & send to ১৬২২২
  Example :**DCBB Help PIN ১২৩৪৫৬৭**& send to 16222

(ঝ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এ ক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(ঞ) Online এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক নম্বর থেকে কল করুন ১২১-এ অথবা ই-মেইল করুন dcbrahmanbaria@mopa.gov.bd অথবা alljobs.query@teletalk.com.bd [Mail এর Subject-এ Organization Name: DCBB, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

(ট) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া এর www.brahmanbaria.gov.bd ওয়েবসাইটে এবং http://dcbb.teletalk.com.bd এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল http://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.brahmanbaria.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঠ) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদন পত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১২। নিয়োগের জন্য নির্বাচিত প্রার্থীর স্বাস্থ্যগত প্রত্যয়ন, ডোপটেস্ট এবং পুলিশ/নিরাপত্তা এজেন্সি কর্তৃক ভেরিফিকেশনে কোন বিরূপ মন্তব্য/আপত্তি উত্থাপিত হলে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

১৩। এই নিয়োগের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের (বিধি-১ শাখা) ১৭/০৪/২০২৩ তারিখের জারিকৃত "মন্ত্রণালয়/বিভাগ ও এর অধীন সরকারি দপ্তর/পরিদপ্তর/অধিদপ্তর, স্বায়ত্তশাসিত সংস্থা, সংবিধিবদ্ধ সংস্থা এবং বিভিন্ন করপোরেশনর চাকরিতে ১৩-২০ তম গ্রেডের পদে কর্মচারী নিয়োগে অপেক্ষমান তালিকা সংরক্ষণ" সংক্রান্ত পরিপত্র কার্যকর হবে।

১৪। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে নিয়োগের কোটা সম্পর্কিত সর্বশেষ সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

১৫। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১৬। নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৭। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৮। নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো সময় এ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।

১৯। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

বি. দ্র. শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে সময় নিয়ে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া হচ্ছে।

১৭/০৯/২৬

মোঃ আবুদাঈদ
জেলা প্রশাসক
ব্রাহ্মণবাড়িয়া
ফোনঃ০২-৩৩৪৪২৭৭১২
dcbrahmanbaria@mopa.gov.bd

নম্বর- ৩১.৪২.১২০০.০০০.০১২.১১.০০০৯.২৬ ১১৪৮(১০০)

তারিখ: ০১ আশ্বিন ১৪৩৩
১৭ সেপ্টেম্বর ২০২৬

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা
৫. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম

অনুলিপি: জ্ঞাতার্থে / কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক,.........................(সকল)
২. পুলিশ সুপার ব্রাহ্মণবাড়িয়া
৩. সিভিল সার্জন, ব্রাহ্মণবাড়িয়া
৪. উপপরিচালক, স্থানীয় সরকার, ব্রাহ্মণবাড়িয়া
৫. অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/(সার্বিক)/(উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া
৬. উপজেলা নির্বাহী অফিসার......................................................................(সকল), ব্রাহ্মণবাড়িয়া
৭. সহকারী কমিশনার (ভূমি), ..................................................................(সকল), ব্রাহ্মণবাড়িয়া
৮. ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১ তলা), হোল্ডিং: ৩/এ, ৫/এ, ৭/এ, রোড: ১৭, গুলশান-১, ঢাকা ১২১২
৯. জেলা তথ্য অফিসার, ব্রাহ্মণবাড়িয়া। [বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো]
১০. প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া [ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো]
১১. জেলা একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, ব্রাহ্মণবাড়িয়া
১২. সম্পাদক, '........................................................'। উক্ত বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় আগামী ............. ২০২৬ তারিখ এক দিনের জন্য স্বল্প পরিসরে ( ২০ইঞ্চি x ৩ ইঞ্চি) ভিতরের পাতায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং ০৫ (পাঁচ) কপি পত্রিকা বিলসহ এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো
১৩. অফিস কপি

১৭/০৯/২৬

জেলা প্রশাসক
ব্রাহ্মণবাড়িয়া